দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 3 1999
পৃঃ ২৫ কলাম ২

কর্মসূচীর নাম 'অরুণোজ্জ্বল'

# নিরক্ষরমুক্ত গাজীপুর গড়ার লক্ষ্যে চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত

**গাজীপুর হইতে মুজিবুর রহমান ॥** গাজীপুর জেলাকে নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচীর আওতায় ৬ মাস মেয়াদী অক্ষরজ্ঞান পাঠ গ্রহণশেষে গতকাল (শুক্রবার) দিনভর জেলার গাজীপুর সদর ও কাপাসিয়া থানায় চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হয়। গাজীপুর সদর থানার ১৮৩টি এবং কাপাসিয়া থানার ১৭৯টি পরীক্ষা কেন্দ্রে যথাক্রমে ৬৫ হাজার ৭৩০ জন এবং ৬৬ হাজার ১৯৭ জন নারী-পুরুষ বিপুল উৎসাহ-উদ্দীপনা সহকারে চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করে। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের প্রতিমন্ত্রী সতীশ চন্দ্র রায় দিনব্যাপী দুইটি থানার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। বৃষ্টিপাত উপেক্ষা করিয়া হাজার হাজার মহিলা ও পুরুষ শিক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়। বেঞ্চে আসন না পাইয়া অনেককে চটে বসিয়া পরীক্ষা দিতে দেখা যায়। পরিদর্শনকালে প্রতিটি কেন্দ্রেই লক্ষ্য করা যায় অভূতপূর্ব উৎসাহ-উদ্দীপনা। বিশেষত, বয়স্ক নারী-পুরুষ ও গৃহিনীরা ব্যাপক আগ্রহ সহকারে এই মূল্যায়ন পরীক্ষায় অংশগ্রহণ করে। অনেক মহিলার সঙ্গে কোলের শিশুও ছিল। এছাড়া পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনদের উপস্থিতিতে প্রতিটি কেন্দ্রেই উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয়।

নিরক্ষরমুক্ত গাজীপুর গড়িয়া তোলার লক্ষ্যে গাজীপুর জেলায় সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচীর আওতায় জেলার ১১-৪৫ বছর বয়সী মোট ৩ লক্ষ ২২ হাজার ৯৬৪ জন নিরক্ষর নারী-পুরুষকে গত জানুয়ারী মাস হইতে চালু এই কর্মসূচীর আওতায় আনা হইয়াছে। গতকাল দুইটি থানায় চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা সমাপ্ত হওয়ায় জেলার মোট ৩টি থানা নিরক্ষরমুক্ত হইল। বাকী ৩টি থানা ও ২টি পৌরসভায় চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা গ্রহণ সমাপ্ত হইলে আগামী ডিসেম্বর মাসের মধ্যেই সম্পূর্ণ গাজীপুর জেলা নিরক্ষরমুক্ত হইবে বলিয়া আশা করা যাইতেছে। গাজীপুর জেলায় এ কর্মসূচীর নাম দেওয়া হইয়াছে 'অরুণোজ্জ্বল গাজীপুর'।